## শিবচর উপজেলা পরিষদের ২০২৩ সনের ১তম (জানুয়ারি) মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ০৯-০২-২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত</u>

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১।গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি গত ৩০-০১-২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা প্রদান প্রোপার সিস্টেমে নিয়ে আসতে অনেক বেগ পেতে হয়েছে। আগের চেয়ে রোগীদের চাপ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, হাসপাতালে ২৪ ঘন্টা ইমার্জেন্সী চালু রয়েছে। হাসপাতালে ভর্তি যে সকল রোগী আছে ও বহিঃ বিভাগ এবং জরুরী বিভাগে আগত যে সকল রোগী আসেন তাদেরকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হচ্ছে। রোগীরা যাতে চিকিৎসা সেবা পায়, সেই লক্ষ্যে কাজ করছি। হাসপাতালে (৩য় শ্রেণীর কর্মচারী ) জনবল সংকট রয়েছে। অচিরেই জনবল নিয়োগ হবে। তিনি আরও বলেন, হাসপাতালে দালাল নির্মূল করতে জিরো টলারেন্সে নিয়ে আসতে হবে। দালালদের সাথে হাসপাতালের কোন কর্মচারী জড়িত থাকলে সুনির্দিষ্ট লিখিত অভিযোগ দিলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নিতে সহজ হয়। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা ও ভ্যাকসিনসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ)উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ইউনিয়ন ভিত্তিক কৃষি প্রণোদনা বীজ ও সার কৃষকদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। সারের দাম সরকারী মূল্যে বিক্রি করা হচ্ছে। সারের দাম সরকারী নির্ধারিত মূল্যের চেয়ে যাতে দোকানদারগণ বেশী দামে বিক্রি করতে না পারে সে বিষয়ে মনিটরিং করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে এডিপি এবং উপজেলা উন্নয়ন তহবিল প্রকল্পের আওতায় গৃহীত স্কীম সমূহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন।

<u>বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ঃ</u>

| ক্রমিক ন | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | উমেদপুর | ০৮নং ওয়ার্ডের চান্দেরচর মাছ বাজার হতে আশ্রায়ন প্রকল্প রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ৫৬০০০০.০০ | |
| | | ০৭নং ওয়ার্ডের চান্দেরচর মেইন রোড় হতে উমেদপুর FWC (হাসপাতাল) পর্যন্ত সিসি দ্বারা রাস্তা নির্মাণ। | ২৯৯০০০.০০ | |
| ২. | দ্বিতীয়খন্ড | ৭নং ওয়ার্ডের মালেক ফকিরের বাড়ীর সামনের ব্রীজ হতে মাদবর কান্দি ফকিরপাড় সরঃ প্রাঃ বিদ্যালয় পর্যন্ত রাস্তায় গাইড ওয়ালসহ ইটের সোলিং দ্বারা উন্নয়ন | ১৭৪৪৯৯.০০ | |
| | | ৮নং ওয়ার্ডেও কমিউনিটি ক্লিনিক মেরামতসহ আসবাকপত্র সরবরাহ কাজ। | ১৩৬৯২৭.০০ | |
| ৩. | কুতুবপুর | কুতুবপুর ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে ওয়াকওয়ে (রাস্তা) নির্মান। | ৪৭০৬৭৯.০০ | |
| ৪. | বহেরাতলা উত্তর | ৬নং ওয়ার্ডের সেনেরবাট ইটের রাস্তা থেকে আলা উদ্দিন খানের বাড়ী থেকে ফিরোজ খানের বাড়ী পর্যন্ত, রশিদ খার বাড়ী থেকে ফজলুল খার বাড়ী পর্যন্ত ও মালেক বেপারীর বাড়ী থেকে খোকন বেপারীর বাড়ী পর্যন্ত ইটের সোলিং করণ। | ২৮৮৫১৩.০০ | |
| ৫. | বহেরাতলা (দঃ) | ৭নং ওয়ার্ডের সরকারেরচর উচ্চ বিদ্যালয়ের চেয়ার, টিবিল ও বেঞ্চ সরবরাহ। | ২৭০৫৩২.০০ | |
| ৬. | নিলখী | ৫নং ওয়ার্ডের মান্নান হাজীর মোড় হতে আড়িয়াল খা নদীর পাড় পর্যন্ত ইটের রাস্তা নির্মাণ। | ৫৮৮৩২৩.০০ | |
| | | ৬নং ওয়ার্ডের শামীম কাজীর বাড়ীর নিকট খালের উপর বক্স কালভার্ট নির্মাণ। | ২৯১৩২২.০০ | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | শিরুয়াইল | ৫নং ওয়ার্ডের শিরুয়াইল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম ক্রয়। | ১৩৮১২৪.০০ | |
| ৮. | মাদবরেরচর | ৭নং ওয়ার্ডে বেইলী ব্রীজ বাজারে ল্যাট্রিন নির্মান। | ২০৭৮৪৪.০০ | |
| | | ১নং ওয়ার্ডে পাচু মাদবরেরকান্দি রাস্তা হতে রতন মাদবরের কান্দি সড়কে গোরস্থান পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১২৩৫৪৬.০০ | |
| ৯. | কাঠালবাড়ী | কাঠালবাড়ী ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকে টয়লেট নির্মান। | ৫১০০০০.০০ | |
| ১০. | বাঁশকান্দি | বাঁশকান্দি কমিউনিটি ক্লিনিক উন্নয়ন। | ২৫২৪০৪.০০ | |
| ১১. | পাঁচ্চর | ২নং ওয়ার্ডের পাঁচ্চর সাইদুর বেপারীর বাড়ীর সামনে পাইপ কালভার্ট স্থাপন | ২১৯৯০২.০০ | |
| ১২. | ভান্ডারীকান্দি | ১নং ওয়ার্ডের আজিজ শেখের বাড়ীর সামনে কালভার্ট নির্মাণ। | ২৫৬৫৯৫.০০ | |
| | | ৭নং ওয়ার্ডের শরীফ বাড়ীর পূর্ব পাশে বিলের পানি নিষ্কাশনের জন্য কালভার্ট নির্মাণ। | ১৩০০০০.০০ | |
| ১৩. | সন্যাসীরচর | ৮নং ওয়ার্ডের সন্যাসীরচর পাকা রাস্তা হতে সন্যাসীরচর কমিউনিটি ক্লিনিক পর্যন্ত ইটের সলিং দ্বারা রাস্তা নির্মাণ। | ৩০৮২৭৫.০০ | |
| | | গোবিন্দ মাদবর কান্দি পূর্ব সন্যাসীরচর ও মুন্সীকান্দি কমিউনিটি ক্লিনিক মেরামত ও আসবাবপত্র সরবরাহ। | ৪২২২৫২.০০ | |
| ১৪. | কাদিরপুর | ৭নং ওয়ার্ডের কালাম মাদবরের বাড়ী হতে স্যানের চর ইউনিয়ন সীমানা সড়কে পানি নিস্কাশনের জন্য (০.৬২৫*০.৬২৫ মিঃ) ইউ-ড্রেন নির্মাণ। | ২৫০০০০.০০ | |
| ১৫. | ভদ্রাসন | ৫নং ওয়ার্ডের যদুপুর বায়োরের রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। | ২৮৪৬৮৮.০০ | |

**উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) ঃ**

| ক্রমিক ন | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | উমেদপুর | উমেদপুর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত (অবশিষ্টাংশ) কাজ। | ৫২৮১৪৫.০০ | |
| ২. | | ০৮নং ওয়ার্ডের চান্দেরচর দারুল কুরআন কওমী মাদ্রাসা ও এতিমখানার অজু খানা টাইলসসহ নির্মাণ। | ৫১৭৯৮৭.০০ | |
| | | ০৬নং ওয়ার্ডের রামরায়ের কান্দি আশ্রায়ন প্রকল্পে সিসি রাস্তা নির্মাণ। | ৪৪৮৩৩৪.০০ | |
| ৩. | দ্বিতীয়খন্ড | ০৮নং ওয়ার্ডের মরহুম বীর মুক্তিযোদ্বা রেজাউল করিম তাং বাড়ীর মসজিদ হতে কালু আকনের বাড়ী পর্যন্ত ইটের রাস্তা মেরামত করন। | ৫৮৩৮৩০.০০ | |
| ৪. | কুতুবপুর | ৭নং ওয়ার্ডে কুতুবপুর বাজারে ড্রেন নির্মাণ। | ৩৬৪৪৫০০.০০ | |
| ৫. | বহেরাতলা উত্তর | বহেরাতলা উত্তর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত (অবশিষ্টাংশ) কাজ। | ৮০৭৫৮০.০০ | |
| ৬. | বহেরাতলা (দঃ) | ৭নং ওয়ার্ডের সরকারেরচর উচ্চ বিদ্যালয়ের উত্তর পাশ হতে আনু উকিলের বাড়ি হয়ে জব্বার বেপারীর বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সোলিং করন। | ৫০৮১৫৩.০০ | |
| | | বহেরাতলা সরকারের চর উচ্চ বিদ্যালয় হতে নূর-ই আলম চৌধুরী উচ্চ বিদ্যালয় সড়ক ভাঙ্গা অংশ মেরামত করন। | ২২০০০০.০০ | RFQ |
| ৭. | নিলখী | নূরু মাতবরের বাড়ী হতে শহীদ খালাসীর বাড়ীর রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | ৮২৩১৪০.০০ | |
| ৮. | শিরুয়াইল | ইউনিয়ন পরিষদের মেইন গেট এস এস দ্বারা নির্মান এবং আরসিসি রাস্তা নির্মাণ কাজ। | ৪১৩৯৩৭.০০ | |
| | | ৫ নং ওয়ার্ডের জলিল মাদবরের বাড়ীর পিছনের কৃষি জমির পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | ৩৪০৬৬৮.০০ | |
| ৯. | দত্তপাড়া | দত্তপাড়া বাজারে পানি নিষ্কাসনের জন্য ড্রেন নির্মান। । | ১৮৬৭১৭৬.০০ | |
| | | (ক) ৩নং ওয়ার্ডের সূর্য্যনগর-দত্তপাড়া পাকা সড়ক হতে জাহিদ চৌধুরীর বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের রাস্তা করণ। | ৭৪৫০০০.০০ | |
| ১০. | বন্দরখোলা | ৬নং ওয়ার্ডে আছিম বেপারী কান্দি সরঃপ্রাঃবিদ্যাঃ হতে আঃ মজিদ হাওলাদারের বাড়ী পর্যন্ত ইটের সলিং করণ। | ৬৫০৯৮৩.০০ | |
| ১১. | | (ক) ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্থ বন্দরখোলা ইউনিয়নের নিউ সিকদার হাট জিসি হতে বন্দরখোল ইউপি অফিস সড়কে ৯১০.০০মিঃ চেইনেজে ৯৯.০০মিঃ পিসি গার্ডার ব্রীজ এ্যাপ্রোচ জরুরী মেরামত করণ কাজ। (খ) ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্থ বন্দরখোলা ইউনিয়নের বন্দরখোল ইউপি অফিস হতে নিউ সিকদার হাট | ১৮৭৬৮৯.০০ | |
| ১২. | মাদবরেরচর | ৬নং ওয়ার্ডে বেইলী ব্রীজ রাস্তা হতে মাদানী নগর শেষ সীমানা পর্যন্ত ইটের সলিং করন। | ২০৭৪১৯.০০ | |
| | | ৮নং ওয়ার্ডে দক্ষিণ চরজানাজাত সরঃপ্রাঃ বিদ্যালয় থেকে কাঠালবাড়ী সীমানা পর্যন্ত ইটের সলিং করন। | ৬৮৩৬২৪.০০ | |
| ১৩. | | ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্থ মাদবরেরচর ইউনিয়নের চরজানাজাত ইউপি অফিস হতে মাদবরেরচর জিসি সড়কে ৫৪৫০ মিঃ চেইনেজে ২০০.০০মিঃ পিসি গার্ডার ব্রীজ এ্যাপ্রোচ জরুরী মেরামত করণ কাজ। | ৯৮৬৬৫.০০ | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | শিবচর | ৬ নং ওয়ার্ডের চৌধুরী নূর উদ্দীন আহম্মদের ক্লাব হতে মিজু শেখের বাড়ী পর্যন্ত ইটের রাস্তা করণ। | ৪১৩৫২৯.০০ | |
| | | ৫ নং ওয়ার্ডের মুন্সিকান্দি পাকা সড়ক হতে খোচ কান্দি ইটের রাস্তা পর্যন্ত ইটের রাস্তা করণ। | ৪৮৩৫৮০.০০ | |
| ১৫. | কাঠালবাড়ী | আনোয়ার মিনার বাড়ী হতে তারপাশা সরকারী প্রাঃ বিদ্যাঃ পর্যন্ত রাস্তায় ইটের সলিং করণ। | ৬৩০০০০.০০ | |
| ১৬. | বাঁশকান্দি | বাঁশকান্দি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত (অবশিষ্টাংশ) কাজ। | ৬৪৩২১১.০০ | |
| ১৭. | | ৬ নং ওয়ার্ডের শওকত আওলাদারের বাড়ীর নিকট হতে বাচ্চু হাওলাদারের বাড়ীর নিকট পর্যন্ত ইটের সলিং করন। | ১০১১৪৫৪.০০ | |
| | | আনোয়ারা বেগম সরকারী প্রাথমিক বিদ্যালয় সংযোগকারী সড়ক মেরামত করণ। | ২০০০০০.০০ | |

**<u>উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) ঃ</u>**

| ক্রমিক ন | ইউনিয়নের নাম | স্কীমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৮. | পাঁচ্চর | ৬নং ওয়ার্ডের মন্নান চৌকিদারের বাড়ী হতে আদম ফকিরের বাড়ী পর্য রাস্তা এইচবিবি করন। | ৭,৪১,৯৬১.০০ | |
| ১৯. | ভান্ডারীকান্দি | ভান্ডারীকান্দি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত (অবশিষ্টাংশ) কাজ। | ৪,৯০,৮৩৯.০০ | |
| ২০. | | ২নং ওয়ার্ডের হাসপাতাল থেকে সিদ্দিকের বাড়ী পর্যন্ত ইটের রাস্তা নির্মাণ। | ৯,৩৭,৮৯৪.০০ | |
| ২১. | ভদ্রাসন | ভদ্রাসন ইউনিয়ন পরিষদ ভবন মেরামত (অবশিষ্টাংশ) কাজ। | ৫,৮৫,৫১৬.০০ | |
| ২২. | | রাজা মাদবরের বাড়ীর সামনে রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ। | ২,৬৭,৯২০.০০ | |
| ২৩. | সন্যাসীরচর | দৌলতপুর বাজারে পাবলিক টয়লেট নির্মাণ। | ৫,১০,০০০.০০ | |
| ২৪. | কাদিরপুর | ৫নং ওয়ার্ডের মানিকপুর সরকারী কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ১০,৭৫,৩৪৬.০০ | |
| | | ৭নং ওয়ার্ডের কালাম মাদবরের বাড়ী হতে স্যানের চর ইউনিয়ন সীমানা পর্যন্ত সড়ক ইটের এইচবিবি দ্বারা উন্নয়ন। | ৯,১২,৫০৯.০০ | |
| ২৫. | শিরুয়াইল | শিবচর উপজেলাধীন শিরুয়াইল বাজার হতে সূর্য্যের হাট সড়ক মেরামত কাজ | ৬,০০,০০০.০০ | RFQ |
| ২৬. | নিলখী | শিবচর উপজেলাধীন নিলখী ইউনিয়নের প্রেম বাজার হতে দুলাল মোল্লার বাড়ীর সড়ক মেরামত কাজ। | ৬,০০,০০০.০০ | |
| ২৭. | বহেরাতলা দক্ষিণ | বহেরাতলা সরকারের চর উচ্চ বিদ্যারয় হতে নূর-ই-আলম চৌধুরী উচ্চ বিদ্যালয় সড়ক ভাঙ্গা অংশ মেরামত করন। | ২,২০,০০০.০০ | |
| ২৮. | বাঁশকান্দি | শিবচর উপজেলাধীন বাঁশকান্দি ইউনিয়নের শেখপুর নতুন বাস স্ট্যান্ডে টয়লেট, সেপ্টিট্যাংক ও সোকওয়েল নির্মাণ কজা। | ৩,০৭,৫২০.০০ | |
| ২৯. | কাদিরপুর | শিবচর উপজেলাধীন কাদিরপুর ইউনিয়নের দবির চোকিদারের দোকান হতে ডাঃ জাহাঙ্গীর আলম চেয়ারম্যান বাড়ী সড়ক আরসিসি দ্বারা নির্মাণ কাজ। | ১১,২৭,৩৪২.০০ | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)"** এবং **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF) "** -এর অর্থ থেকে ইউনিয়ন ভিত্তিক অগ্রধিকার ভিত্তিতে স্কীম গ্রহন করতঃ জরুরী ভাবে বাস্তবায়নের নিমিত্তে উপরোক্ত স্কীম সমূহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম) তে দরপত্র আহবানের মাধ্যমে এবং ৬ নং ক্রমিকের ১ (এক)টি স্কীম আরএফকিউ দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের নিমিত্তে দরপত্র আহবানসহ সকল কার্যক্রম সম্পন্ন ও কার্যাদেশ প্রদান, চুড়ান্ত বিল প্রদানসহ সকল প্রকার কার্যক্রম সমপ্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। চলতি অর্থ বৎসরের বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট রর **"বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP)"** এবং **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"** -এর অর্থ থেকে উক্ত ব্যয় ঠিকাদারের চুড়ান্ত বিলের পাওনা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, উপবৃত্তি সংক্রান্ত কার্যক্রম চলছে। তিনি আরও বলেন যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আগামী ২১ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ১লা নভেম্বর হতে জুন/২০২৩ পর্যন্ত ০৮ মাস ব্যাপী জাটকা অভিযান পরিচালিত হবে। বাজারে মনিটরিং কার্যক্রম চলমান আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

CamScanner

(জ) **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, কোন উপকার ভোগীর মোবাইলে যদি প্রতিবন্ধী, বয়স্কভাতা ও বিধবা ভাতার টাকা না যায়, তাহলে শিবচর উপজেলা সমাজ সেবা অফিসে এসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। তিনি আরোও বলেন, যে সকল ইউনিয়ন এখনও পর্যন্ত ভিক্ষুকদের তালিকা দেননি, দ্রুত তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তারবিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঝ) **উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, আগামী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট কেন্দ্র যাচাই বাছাই কার্যক্রম চলছে। অকেজো ও জরাজীর্ণ ভোট কেন্দ্র মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ঝুঁকিপূর্ণ কেন্দ্র সমূহের তালিকা দেয়ার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, ইউনিয়ন পর্যায়ে গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য সেবা ও স্বাভাবিক প্রসব সেবা বিনামূলে প্রদান করা হয়। মাঠ পর্যায়ে অনেক পদ শূন্য থাকায় সেবার মান বিঘ্নিত হচ্ছে। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ট) **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বকেয়া বিদ্যুৎ বিলের টাকা পরিশোধের জন্য শিবচর উপজেলার সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঠ) **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ড) **উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে বলেন যে, টি,আর/কাবিখা/কাবিটা ও অন্যান্য প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ণ) **উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, মে হতে জুন/২০২৩ এ দুই মাসে কোন খাদ্য বান্ধব কর্মসূচির তালিকা সংশোধন করা যাবে না। তিনি আরও বলেন, ওএমএস কার্যক্রম চলমান আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ত) **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর বলেন যে, ইউনিয়ন অনুযায়ী গভীর ও অগভীর নলকুপ বন্টন করা হয়েছে। বন্টন অনুযায়ী কয়েকটি ইউনিয়ন তালিকা জমা দিয়েছেন। যে সকল ইউনিয়ন এখনও পর্যন্ত তালিকা দেননি, দ্রুত তালিকা প্রেরণের জন্য তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(থ) **উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(দ) **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে,ভিজিডি/ VWB এর আওতায় দুঃস্থ ও অসহায় গরীব মহিলাদের বিনামূল্যে প্রতিমাসে ৩০ কেজি হারে পুষ্টি চাউল বিতরণ করা হয়। তিনি আরও বলেন যে, অত্র দপ্তরের আওতায় মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। এ ছাড়াবিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

CamScanner

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(র)উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**বিবিধ আলোচনা-০১ঃ উপজেলা পরিষদ সংলগ্ন পুকুর রক্ষণাবেক্ষণ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর এর আওতাধীন পুকুরটি দীর্ঘদিন যাবৎ কচুরীপানাসহ অন্যান্য ময়লা-আবজনায় ভর্তি থাকায় উপজেলা পরিষদ মাসিক সভায় জনাব মোঃ টুকু শেখ, শিবচর, মাদারীপুরকে পুকুরটি রক্ষণাবেক্ষণ করার বিষয়ে আলোচনা করা হলে সভার সকল সদস্য জনাব টুকু শেখকে পুকুরটি ০৩(তিন) বছরের জন্য রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** জনাব টুকু শেখ, শিবচর, মাদারীপুরকে ০৩(তিন) বছরের জন্য উপজেলা পরিষদ সংলগ্ন পুকুরটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০২ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

CamScanner

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।

২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভাপতি উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটির সভায় ইউপি চেয়ারম্যানগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৯৭

তারিখঃ ০৯-০২-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব .......................................... শিবচর, মাদারীপুর।

১২। অফিস কপি

০৯.০২.২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।

CamScanner